দৈনিক বাংলা

তারিখ ... 20.4.84 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 1 ...

00 006

# লাইব্রেরীতে বই চাই

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় লাইবেরীতে বই চাই' শিরোনামে জনৈক শিক্ষার্থীর লেখা একটি চিঠি বেরিয়েছে পত্রিকান্তরে। পত্রলেখক তাতে বলেছেন, সম্প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় লাইবেরীতে বই-এর সংকট দেখা দিয়েছে। যার ফলে চাহিদা অনুযায়ী বই পাওয়া যাচেছ না। বিশেষ করে এই সমস্যা কেবল বাংলা, দর্শন ও ইতিহাস বিভাগের বেলায়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় লাইবেরীতে বই-এর এমন সংকট কেন দেখা দিল, কেন বাংলা, দর্শন ও ইতিহাস বিভাগে চাহিদা মাফিক বই পাওয়া যাচেছ না, তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষই ভালো বলতে পারবেন। তবে, এর কারণ হিসাবে পত্রলেখক বলেছেন, বাংলা ভাষায় রচিত বাংলা বিভাগের বই অপ্রচুর, তারপরও বই-এর কাটালগ, তালিকা, কার্ড, এসব দেখে-শুনে বই-এর অর্ডার দিলেও বই পাওয়া যায় না।

দেশের সব বিশ্ববিদ্যালয়ে এবং অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানেও সমৃদ্ধ লাইবেরী থাকবে, শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকদের জন্যে প্রয়োজনীয় সব বইপত্র মিলবে, কোনো বিভাগেই বই-য়ের অভাব হবে না, এটাই প্রত্যাশিত। সব ধরনের বই যেমন সহজলভ্য নয়, তেমনি শিক্ষার্থী এবং শিক্ষকদের পক্ষেও অর্থনৈতিক ও অন্যান্য কারণে সব বইপত্র কেনা সম্ভব নয়। এজন্যেই দরকার শিক্ষাপ্রতিষ্ঠানের লাইবেরীতে প্রয়োজনীয় সব বইপত্রই যাতে মেলে সে ব্যবস্থা নেয়া। আমরা আশা করবো, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানও এদিকে বিশেষ দৃষ্টি দেবেন।